

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫: মুরাক্বাবাহ্ (আল্লাহর ধ্যান)

(5) _ باب المراقبة

আরবী

التاسع: عن عمر رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: "لا يسأل الرجل فيم ضرب امرأته" (رواه أبو دواد وغيره).

বাংলা

৯/৬৯। উমার রাদিয়াল্লান্থ 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন: "কোনো স্বামী তার স্ত্রীকে কি জন্য প্রহার করেছে তা নিয়ে (যথাযথ কর্তৃপক্ষ ছাড়া অন্য কারও পক্ষ থেকে) প্রশ্ন করা যাবে না।" (কারণ এতে স্বামী-স্ত্রীর মধ্যকার প্রাইভেসী লজ্মন হয়) আবূ দাউদ ও অন্যান্য মুহাদ্দিসগণ এটি বর্ণনা করেছেন। (আবৃ দাউদ ও ইবনু মাজাহ)।[1]

English

(5) Chapter: Watchfulness

'Umar (May Allah be pleased with him) reported that:

The Prophet (ﷺ) said, "No man shall be asked for the reason of beating his wife".

[Abu Dawud].

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ এ হাদীসের সনদ দুর্বল। এ সম্পর্কে আমি "ইরওয়াউল গালীল" গ্রন্থে (২০৩৪) বিস্তারিত আলোচনা করেছি। হাদীসটিকে আবৃ দাউদ (২১৪৭), নাসায়ী "আলকুবরা" গ্রন্থে, ইবনু মাজাহ্ (১৯৮৬), বাইহাক্বী ও আহমাদ বর্ণনা করেছেন। কিন্তু বর্ণনাকারী আব্দুর রহমান মাসলামীর কারণে হাদীসটি দুর্বল। তার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তাকে শুধুমাত্র এ হাদীসেই চেনা যায়। তার থেকে শুধুমাত্র দাউদ ইবনু আব্দিল্লাহ্ আওদী এককভাবে বর্ণনা করেছেন। আর শাইখ আহমাদ শাকের "মুসনাদু আহমাদ" এর টীকায় দাউদ ইবনু



আদিল্লাহ্ আওদীকে দুর্বল আখ্যা দিয়েছেন। কিন্তু তা সঠিক নয়। কারণ দুর্বল হচ্ছেন দাউদ ইবনু ইয়াযীদ আওদী, যিনি এ সনদে নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন